ইত্তেফাক

তারিখ ... 19.2.85 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম 1 ...

10

২ দৈনিক ইত্তেফাক

দৈনিক ইত্তেফাক

রবিবার, ৬ই ফাল্গুন, ১৩৯০

# সার্বজনীন শিক্ষা

প্রাথমিক শিক্ষকদের দুইদিনব্যাপী মহাসম্মেলনের উদ্বোধনকালে প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ সার্বজনীন শিক্ষা প্রসারের জন্য দেশব্যাপী সর্বাত্মক আন্দোলন গড়িয়া তোলার আহবান জানাইয়াছেন। তিনি উল্লেখ করেন যে, শিক্ষা জনগণের মৌল অধিকার এবং প্রাথমিক শিক্ষাই শিক্ষার ভিত। একটি সুখী ও সমৃদ্ধ দেশ গঠনের জন্য সাক্ষরতার হার বাড়ানোর উদ্দেশ্যে সার্বজনীন শিক্ষার প্রয়োজন ও গুরুত্বের কথাও তিনি ব্যক্ত করেন। শিক্ষা বিস্তার ও শিক্ষিতের হার বাড়ানোর প্রয়োজন যে কত বেশী তাহা কাহারো পক্ষেই অস্বীকারের উপায় নাই। শিক্ষাই একটি দেশ ও জাতির উন্নতির প্রধান উপায়। শিক্ষা ছাড়া উন্নতি অসম্ভব। যে সমাজ যতো শিক্ষিত সে সমাজই ততো উন্নত। এ কথা আজ আর অধিক ব্যাখ্যা করার অপেক্ষা রাখে না যে, শিক্ষার অভাবই আমাদের দারিদ্র্যের কারণ। তাই এ দারিদ্র্য ও দুর্দশা দূর করিতে হইলে শিক্ষার প্রয়োজন। সেদিক হইতে প্রাথমিক শিক্ষার প্রয়োজন ও গুরুত্বের বিষয়টিও নূতন করিয়া ব্যাখ্যা করা অনাবশ্যক।

শিক্ষা প্রসার ও সার্বজনীন শিক্ষার কথা যে আগে বলা হয় নাই এমন নয়। শিক্ষা বিস্তার, সাক্ষরতা ও বয়স্ক শিক্ষা প্রভৃতি লইয়া অনেক কিছুই শোনা গিয়াছে। কিন্তু তাহার পরও শিক্ষাক্ষেত্রে সাক্ষরতার হার এখনো শতকরা ২০ জনের উর্ধ্বে ওঠে নাই। দেশে এখনো শতকরা ৮০ জন লোকই নিরক্ষর। সুতরাং এই বাস্তব প্রেক্ষাপটে সার্বজনীন শিক্ষার গুরুত্ব যে, কতো বেশি তাহা সহজেই অনুমান করা যায়। শিক্ষা ব্যতিরেকে সমাজের বর্তমান দুরবস্থা দূর করা সম্ভব নয়। সেজন্য শিক্ষা বিস্তারের দিকটিকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া প্রয়োজন। কিন্তু বাস্তবে শিক্ষার ক্ষেত্রে কতোখানি গুরুত্ব প্রদান করা হইতেছে সে প্রশ্নটিও উত্থাপন না করিয়া পারা যায় না। কারণ আমাদের মতো শিক্ষায় অনগ্রসর একটি দেশেও শিক্ষাখাতে ব্যয় অত্যন্ত কম। তাছাড়া প্রাথমিক শিক্ষার ক্ষেত্রেও নানা সমস্যাই বিদ্যমান। প্রাথমিক বিদ্যালয়গুলির সার্বিক দুরবস্থার কথাও কাহারো অজানা নয়। গ্রাম-গ্রামান্তরের প্রাথমিক বিদ্যালয়গুলির অবস্থা অত্যন্ত করুণ এবং সেগুলি নানা সমস্যায় জর্জরিত। বহু স্কুলেই ভাঙ্গা ঘর, বসার মতো চেয়ার-বেঞ্চও নাই। প্রাথমিক শিক্ষকেরাও নানা আর্থিক সঙ্কটে পীড়িত।

এদিকে পাঠ্যপুস্তক, কাগজ প্রভৃতির সমস্যায় শিক্ষার্থীদেরও নানাভাবে পীড়িত হইতে হইতেছে। শিক্ষাক্ষেত্রে যেভাবে ক্রমাগত ব্যয় বৃদ্ধি পাইতেছে তাহাতে দরিদ্র সাধারণ লোকদের পক্ষে এই ব্যয় বহন করাও হইয়া উঠিয়াছে অসম্ভব। পাঠ্যপুস্তকের সংকট তো আছেই। তাহার উপর কাগজের মূল্যবৃদ্ধি শিক্ষার্থীদের নূতন করিয়া সমস্যায় ফেলিয়াছে। গ্রামাঞ্চলে যেমন স্কুলগুলির দুরবস্থা তেমনি শহরাঞ্চলে ভর্তির সমস্যা। শিক্ষা প্রসারের অনুসৃত নীতির সহিত বিরাজমান পরিস্থিতি কতোটা সঙ্গতিপূর্ণ তাহাও ভাবিয়া দেখা প্রয়োজন। সার্বজনীন শিক্ষা বা শিক্ষা প্রসারের কথা যতোই বলা হউক সর্বাগ্রে এই সব বাস্তব বাধা দূর করা না হইলে যে আশানুরূপ ফল পাওয়া যাইবে না তাহাও বোধকরি অধিক ব্যাখ্যা করা নিষ্প্রয়োজন। শিক্ষা বিস্তারের প্রয়োজন ও জাতীয় জীবনে শিক্ষার গুরুত্বের কথা মনে রাখিয়াই শিক্ষাক্ষেত্রে বিরাজমান এই সমস্যাগুলি দূর করার জন্য উদ্যোগী হওয়া কর্তব্য।